বেসিক আলী

শাহরিয়ার



পাঠশালা

বয়স
১৫+

বেসিক আলী

www.panjeree.com

আলী পরিবারের উদ্ভট উপাখ্যান

বেসিক আলী কার্টুন ষ্ট্রিপের প্রথম আত্মপ্রকাশ 'প্রথম আলো'র উপসম্পাদকীয় পাতায় নভেম্বর ২০০৬-এ। প্রতিদিনের এই ষ্ট্রিপ কার্টুনের মূল বিষয় হচ্ছে পরিবার, বন্ধুত্ব এবং অফিস ঘিরে মজার মজার ঘটনা। বেসিক আলী হচ্ছে বিশিষ্ট ঋণখেলাপী ব্যবসায়ী তালিব আলী ও তাঁর স্ত্রী মলি আলীর বড় ছেলে। বেসিকের ছোট বোন নেচার আলী মেডিকেল কলেজের ছাত্রী এবং ছোট ভাই ম্যাজিক স্কুলের ছাত্র। বেসিকের ঘনিষ্ঠ বন্ধু আত্মভোলা হিল্লোল এবং বেসিকের হৃদকম্প হচ্ছে অফিস কলিগ রিয়া হক। এই বইটাতে বেসিক আলীর এক বছরের প্রকাশনার সংকলন করা হয়েছে।

পাঞ্জেরী পাবলিকেশন্স লি.

9 847003 801033

বেসিক আলী

শাহরিয়ার

পাঞ্জেরী পাবলিকেশন্স লি.

www.panjeree.com

প্রকাশক
পাঞ্জেরী পাবলিকেশন্স লি.
৪৩ (পুরাতন ১৬), শিল্পাচার্য জয়নুল আবেদিন সড়ক, শান্তিনগর ঢাকা-১২১৭
ফোন : ৯৩৩৫৮২৬, ৯৩৬০০৯৪, ৮৩৬০০০৭
ফ্যাক্স : ৮৮-০২-৮৩১৮৫২৬
ই-মেইল : info@panjeree.com

© প্রকাশক

প্রকাশকাল
অমর একুশে বইমেলা, ২০০৯
তৃতীয় মুদ্রণ
ডিসেম্বর ২০১০

প্রচ্ছদ
আজহার বিন ফরহাদ

প্রচ্ছদের ছবি
শাহরিয়ার খান

পরিবেশক
বাংলাদেশ : পাঞ্জেরী পাবলিকেশন্স লি., ৩৮/৮ বাংলাবাজার, ঢাকা।
ভারত : শিশু সাহিত্য সংসদ (প্রাঃ) লিমিটেড, কলকাতা।
যুক্তরাজ্য : সঙ্গীতা লিমিটেড, ২২ ব্রিকলেন, লন্ডন।

মূল্য : ১৭৩.০০ টাকা

Basic Ali by Sharier Khan,
Published by **Panjeree Publications Ltd.**
43 (Old 16) Shilpacharya Zainul Abedin Sarak, Shantinagar, Dhaka-1217
Phone : 9335826, 9360094, 8360007, E-mail : info@panjeree.com
Indian distributor : Shishu Sahitya Samsad Pvt. Ltd, Kolkata
UK distributor : Sangeeta Ltd, 22 Brick Lane, London

© Panjeree Publications Ltd.

First published in February 2009. Third impression in December 2010
Price: 173.00 Tk. 15 US$

ISBN : 984-70038-01033

বেসিক, এই দিলাম পানির বিল আর টাকা। এটা ব্যাংকে জমা না দেয়া পর্যন্ত তোর জন্য কোনো খাবার নেই।
কিন্তু মা.. আমার এখন ক্ষিধা লেগেছে। কাল করি ?

না! গত ২ মাসে একটাও বাসার কাজ করিস নি! যা এক্ষুনি বিল দিয়ে আয়, না হয় ক্ষিধায় মর!

...ওয়াসাকে না হয় আগামী মাসেই বিলটা দিয়ে দেব !
ঢেঁকুর !
BILL

হ্যালো, এটা কি নয়া ওসি সাহেবের নাম্বার ?
হ্যাঁ !
জলদি আসেন ! আমার বাসার সামনে ছিনতাই হয়ে যাচ্ছে!
??
জানি!

খরবদার তালিব!
তালিব !
তালিব !
খরবদার মলি !
মলি !
মলি !
ঠিক আছে। I'LL MAKE YOU FEEL SORRY!
আমি আত্মহত্যা করব!
আত্মহত্যা !
মা... বাবাকে থামাও!
হুহ !
গ্লাব !
গ্লাব !
গ্লাব !

সব সরে যা! আজ আমি সত্যি সত্যি আত্মহত্যা করব। কারণ তোদের মা আমাকে আর ভালোবাসে না। আমি আত্মহত্যার চেষ্টা করলে থামাতেও চায় না! কী হবে বেঁচে থেকে ?

ছোট ভাই সবুর, SUICIDE- এর সব সরঞ্জাম রেডি ?

হ্যাঁরে সবুর-তিন বোতল খেলে মরব তো ?
চেষ্টা করতে দোষ কী ?


আচ্ছা বাবা, তোমার সাথে সিটি কর্পোরেশনে কারো সাথে কি ঝগড়া হয়েছে ?
উঁ ? হ্যাঁ!
চীফ ইঞ্জিনিয়ার হচ্ছে ম্যানহোল ঢাকনা চোরদের সর্দার। আচ্ছাসে অপমান করে এসেছি। তা হঠাৎ জানতে চাচ্ছিস কেন ?
সিটি কর্পোরেশন ট্রাকে ট্রাকে ময়লা দিয়ে আমাদের রাস্তা বন্ধ করে দিচ্ছে !
CITY CORPORATION





বেসিক আলী


এই যে এডভান্স। মাঝ রাতের মধ্যেই ঐ বদ বড়লোক তারেক মির্জার বাড়ির দেয়ালে জঘন্য সব চিকা মেরে রাখবে !
ঠিক আছে স্যার !
চিকায় থাকবে এসব কথা : তারেক চোট্টা, তারেক ঘুসখোর ইত্যাদি। আমি কিন্তু ঠিক মাঝ রাতে দেখতে আসব কেমন চিকা মারছ !
মাঝ রাতে...
TARIK'S CASTLE
!?!
কিঁচ ! কিঁচ !


কইলাম তো, যামু না ! আপনে রিক্সা না পাইলে আমার কী ? আপনে ডাবল ভাড়া দিলেও যামু না !
এই রিক্সা...
আপা, আহেন! আহেন উইঠা পড়েন !
ধরা খাইছে !
গরীব বইলা এইভাবে মস্করা করা ঠিক না !

বেসিক আলী

ম্যাজিক ?
হ্যাঁ মা ?
ম্যাজিক ?
হ্যাঁ মা ?
ম্যাজিক ?

আসি মা !
আসছি মা !
হ্যাঁ মা!
আশ্চর্য! আধ ঘন্টা ধরে ডাকছি আর তুই নাকি আসছিস! মর গে !

৭ দিন পর

হুঁ MADDEST! এবার বলো - এত ডাকছিলে কেন ?
?!!


তাজা না–আমার দরকার একটা বেহদ্দ পঁচা কুমড়া। এক্ষুনি।
হেঃ হেঃ একটা আছে। ২০ টাকা !!
হুঁ ... এটা বেশ পঁচা !
সত্যই পঁচা কুমড়া কিনলেন ?
প্রস্রাব করা নিষেধ

সাবধান। এখানে হিসু করা ঝুঁকিপূর্ন
ইহি! এ কথা পড়ে ভয়ে আমার হিসু এসে গেল !
দেয়ালে ৪৪০ ভোল্টের তার লাগানো আছে– হিসু পরলেই হিসুকারী হবে বিদ্যুৎস্পৃষ্ঠ! কেমন ? এ্যাঁ ?


দোস্ত, মনে হয় টাকা বাঁচাতে গিয়ে এক মহা ভুল করে ফেললাম!
কী?
প্রতিমাসে মোটর সাইকেলে তেল বাবদ ১৮০০ টাকা খরচ হয়। ভাবলাম এই খরচটা কমাই ....
... কিন্তু এটা CNG- তে রূপান্তর করার পর দেখছি এতে কোনো বসার জায়গা নেই!
!!!
GAS

কেরামত ভাই, বললাম চিকা মারার কাজটা আমাকে দিন। আমি শিক্ষিত, বুদ্ধিমান। কিন্তু না- কাজটা দিলেন এক গণ্ডমূর্খ গুণ্ডাকে !


এখন ঠ্যালা সামলান!
ছুটকিসে বুট দিলেন
ক্যারা মদ ছাখেকে ছুটকিস মাকড়ায় বুট দেন.
পচাড়ে - ছামচু

আচ্ছা কেরামত ভাই এত বড়লোক হলেন কী করে ?
আপনি আসলে কী করেন ?

ট্যাকা তো বানাইছি
যুগাযুগ বিভাগে
ইউনিয়ানগীরি আর
নিয়োগ বাণিজ্য
কইরা...

কিন্তুক আমি ঐখানে কি চাকরী করি- হেইটা
কইতে পারি না !
!!!

বুঝলে ভাবী, শরীরটা ভালো যাচ্ছে না। গত মাসে গেল টাইফয়েড। এর আগে ডেঙ্গুজ্বর। তাছাড়া বাতের ব্যথা তো আছেই !
এ আর তেমন কী ? আমার তো ব্লাড প্রেসার, হার্টের অসুখ আছেই। আর গত মাসে জ্ঞান হারালাম রক্তে অক্সিজেন কম বলে।
ওঃ তুমি বুঝি আমার চেয়ে বেশি অসুস্থ ? আমার তো হার্ট অ্যাটাক হয়ে গেছে ২ মাস আগে !
ও তাই ? আমি তো ৩ মাস আগে ৪ ঘণ্টার জন্য মৃত ছিলাম!!


মিসেস তালীব আলী এবং মিসেস সবুর আলী, আপনারা দুজনই প্রচণ্ড অসুস্থ ! তবে এর চিকিৎসা আমি করি না !
আর আপনাদের মধ্যে কে বেশি অসুস্থ সেটার বিচারকও হতে পারব না। এখানে লিখে দিয়েছি আপনারা কোথায় গেলে যথার্থ চিকিৎসা পাবেন ! যান !
এ্যাঁ ভাবী ! ঐ ডাক্তার ব্যাটা কোথায় পাঠাল আমাদের ??
মানসিক রোগ হাসপাতাল


স্যার আজ
প্রচণ্ড কুয়াশা !
দক্ষীনা হাই স্কুল

আজ স্যার পরীক্ষা নেবেন না !
কেন ?

প্রচণ্ড কুয়াশায় খাতা দেখা যাচ্ছে না !

আ-আরে নিনজা ভায়া মারছেন কেন ? দু'একটা ধার করা ছাড়া জীবনে কোনো খারাপ কাজ করিনি ...
তুই বেসিক আলী, M.A. বাংগু ব্যাংকে একটা চাকরীর জন্য দরখাস্ত দিয়েছিলি ?
ওঃ এই ব্যাপার ? ওটাতো বাবার চাপে করেছি। ঐ চাকরী আমি কখনোই করতাম না। করবও না ! হলো তো ?
না ! ঐ চাকরী তোকে করতেই হবে !!

মিঃ বেসিক আলী, আপনি ইন্টারভিউ রুমে আসুন !
BANGOO BANQUE
তোমার বাবা বলল তুমি নাকি চাকরী করতে চাওনা ? সে যাক! দেখি কেমন লেখাপড়া করেছ। GOOD বানান কর।
G-U-D !
সাবাশ ! এ চাকরী তোমার !

বেসিক, এ হচ্ছে তোমার বস রিয়া হক। সে তোমার ব্যাংকের কাজ বুঝিয়ে দেবে এবং তোমার মূল্যায়ন করবে !
অসম্ভব! কোট-টাই পরে কোনো চাকরী আমি করতে পারব না। এখান থেকে দ্রুত ছাঁটাই হয়ে মুক্ত বেকার জীবনে ফেরত যেতে চাই। এজন্য যা করার করব।
বস আপনি দারুণ সুন্দরী। আপনার সাথে ডেটিং-এ না গেলে মরে যাব। কখন সময় দেবেন আমাকে ?
!?!

আপনার সাহস তো কম না। চাকরীর প্রথম দিনেই মহিলা বসকে ডেটিং এর প্রস্তাব দিচ্ছেন। বিকৃতমনা শয়তান !!
রেগে গেলে তোমাকে আরো সুন্দর লাগে!
আবার তুমি তুমি বলছেন! অসভ্য! আপনার চাকরী আমি এক্ষুনি খতম করে দিতে পারি! ইতর !
তবে এটা দুঃখজনক যে আপনি বেশ CUTE এবং বিকেলে ১ ঘন্টা আড্ডা মারার জন্য ফ্রি আছি বলে আপনাকে ছাঁটাই করছি না !
এ হতে পারে না !

আপনি আমার ডেটিং-প্রস্তাব গ্রহণ করতে পারেন না ! আপনি আমার বস ! বরং বেয়াদবীর জন্য আমাকে চাকরী থেকে ছাঁটাই করুন !!
?!
এর মানে কি আপনি আমাকে পছন্দ করছেন না ???? আ- আমাকে বোকা বানাচ্ছেন ??
?!
?!
প্লিজ বস .... প্লিজ রিয়া ... থাম ... আরে আমি ঠাট্টা করছিলাম.. কারণ তোমাকে আমি শুধু পছন্দ না ... আরো বেশি ... ইয়ে চল ডেটিং এ যাই !

অতি চালাকী করতে গিয়ে বসের সাথে ডেটিং করছে বেসিক।

সরি
বস !
BANGU BANK


গতকাল আপনাকে.... তোমাকে দিয়ে গাড়ি ঠেলিয়ে আমি অপরাধ করেছি। এর প্রায়শ্চিত্ত আমাকে করতেই হবে !
?!

বেসিক- রিয়া ...
তোমরা জলদি
এসো ! দ্রুত !

প্রায়শ্চিত্ত !
প্রায়শ্চিত্ত !
CONFARENCE HALL

আমার জন্য কেক ? তোমাকে দিয়ে পরশু গাড়ি ঠেলানোর পরও আমাকে কেক দিচ্ছ ?
এই কেক হচ্ছি আমি। মিষ্টি আর নরম। আমাকে কেউ কষ্ট দিলে তাকে আমি একই ভাবে কষ্ট দিতে পারি না !
আমি প্রতিশোধ নিই মিষ্টি ও নরম থেকেই !
সপাৎ!

মলি তালিবের প্রেম কাহিনী

বেসিক আলী

মলির বাবা কর্নেল ওয়ালী এক বদরাগী মুক্তিযোদ্ধা। মেয়ের জন্য বন্দুক নিয়ে সদা প্রস্তুত !
সে যদি কখনো তালিব-মলিকে ধরতে পারত তাহলে তালিব নির্ঘাত ছাকনীতে পরিণত হতো !
সর্বনাশ ! বাবা আসছে কী করব !
লাফ দাও !
স্লামালাইকুম চাচা !
ইশ ! কী যে চুলের ফ্যাশন চলছে !

মলি-তালিব প্রেম করছে। কিন্তু মলির বাবার পছন্দ তার বন্ধুর ছেলে বখিল চৌধুরীর বিলেত ফেরত ছেলে শাহেদকে।
মলিকে দেখে শাহেদ মহা উত্তেজিত।
ব্যাটা লুইচ্চা !
OH MAIRI !
MY SUNDORI HOBU BOU!
OUCH! AI MOICH-CHI ! AI MOICH-CHI!*
* আই মইচ্চি

মলির বাবা মলিকে বিলেত ফেরত শাহেদের সাথে বিয়ে দেবেন বলে ভাবছেন।
I AM A BAR-AT-LAW!
আপনি কেমন বার-এট-ল তা এই ছবি দেখলেই বোঝা যায় !
আপনি বারটেন্ডার ছিলেন, না ?
LONDON PUB
ESTABLISHED 1619
UK LAW SCHOOL CAMPUS

মা মলি, জলদি মিষ্টিগুলো দে। মিষ্টি মুখে আমি শাহেদের সাথে তোর বিয়ের কথা বলতে চাই !
এক মিনিট !
মলির বাবা মলিকে শাহেদের সাথে বিয়ে দেবেন বলে ভাবছেন।

শাহেদ লুইচ্চাকে দূর করতে মিষ্টিতে দিচ্ছি জোলাপ আর বোম্বাই মরিচের রস। মিষ্টি মুখ হয়ে যাবে ঝাল মুখ।

মিষ্টিমুখের সাথে সাথে ...

এমন জঘন্য মিষ্টি এনে তুমি বিয়ের কথা বলছ ! সাহস তো কম না !
খবরদার! চৌধুরীদের সাথে সাবধান কথা বলো। এ সব তোমার মেয়ের শয়তানী !

খবরদার!
UNCLE... WHERE IS THE BATHROOM... OOH MOIRA GELAM!
?!!

এ বিয়ে হবে না ! ইরি মা !
হ্যাহ ! চৌধুরী বংশের যোগ্যতা আছে না কি? উহুরে কী দশা ...
O GOD! O GOD!
ধুম !
ধুরুম !

মলির প্রত্যখ্যানে ক্রুদ্ধ ভিলেন শাহেদ তার রংবাজ বড়লোক বন্ধু ইয়ালোর সাহায্য চাইছে।
দোস্ত I NEED YOUR HELP!
বল !
মলি আমাকে বিয়ে করবে না !! কত বড় সাহস ! একটা কিছু কর !! বুঝিয়ে দে মলি কেন - ওর বাপ আমাকে বিয়ে করবে !
NO PROBLEM !
তুই কাজী নিয়ে আয়। আমি ততক্ষণে মলির বাপকে কিডন্যাপ করে আনছি !
!?
!?



বড়লোক রংবাজ ইয়ালো তার বন্ধু শাহেদের জন্য মলিকে কিডন্যাপ করতে দলবল নিয়ে যাচ্ছে। ইয়ালো অবশ্য তখনো মলিকে দেখেনি।





একবার চালাকী করে পালিয়েছ ! কিন্তু এবার তোমাকে বাঁচাবে কে সুন্দরী ?

কটাশ !

বাঁচাও! বাঁচাও! কুত্তায় খায়া লাইলো আমারে !

বেসিক আলী

ভয় পেও না সুন্দরী। আমি এক রেকর্ড সৃষ্টিকারী লোক।
আমাকে বিয়ে করে তুমি হতে পার এসব রেকর্ডের অধিকারী।
তাহলে এবার নাচো !
না!
DEEP PURPLE
CERAMONE
SUPER NATURE

নাচো!
চার্ম!

এতো এক রেকর্ড ভঙ্গকারী ব্যক্তিত্ব !!
BEATLES
Bee Gees
SHAOLIN
CERAMONE
LATA MUNGESHKAR

আমি ডাইলপট্টির রাজা তালীব আলী কইবার লাগছি ! আমার মলি বেগমরে ১ ঘণ্টার মইধ্যে ফিরত না দিলে তোর ছোট বইন পিংকীরে বিয়া করবার লাগুম। পিংকীরে তুইল্লা আনছি! নে কথা ক !
মেয়েলী কণ্ঠ : ভাইয়া বাঁচাও। এই গুন্ডাকে বিয়ে করলে তোমার ভাগ্নে ভাগ্নীরা সব হবে পুরান ঢাকাইয়া !!
খবদ্দার তালিব ! রংবাজ হলেও আমি উচ্চ বিত্তের ... বিশিষ্ট বিটিশ পাবলিক !!
মলিকে ফেরত দিচ্ছি ! তবুও আমি চাই না আমার ভাগ্নে ভাগ্নীরা "করবার লাগছে" "খাইবার লাগছে " বলুক !

তালিব গুন্ডা! কত্তবড় সাহস আমার বোন পিংকীকে কিডন্যাপ করেছে ! বংশের মান রক্ষার্থে মলির বিনিময়ে আজ পিংকীকে উদ্ধার করব। পরে দেখে নেব !!

এই নে তোর মলিকে !! আমার বোন কোথায় ?
!!

বাসায় চলে যা মাতাল ইয়ালো ! তোর তো কোন বোনই নেই।
??

তালিব জানে এবার ইয়ালো তাকে আক্রমণ করে প্রতিশোধ নেবে। তাই সে বুদ্ধি করে এক রাজনৈতিক দলের কাছ ভিড়ল।
কবির ভাই, এখন থেকে আপনার পার্টিতে আছি আমি। শ্রেণী শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করব তো দুজন বিশিষ্ট চাইনীজ কমরেড চাই।
নিশ্চয়ই! নিশ্চয়ই!
২ দিনের জন্য শ্রেণী শত্রু খতম বিশেষজ্ঞ JACKIE CHANG এবং GOCKU CHANG তোমার জন্য কাজ করবে !
তালিব!! তোকে আর তোর দুই চৈনিক বন্ধুদের ঝাঁঝরা করে দেব!
গুল্লি খা !
হা হা হা
জানিস না-চাইনীজরা সর্বভূক ? আর ওরাতো বিশেষভাবে গুলি খেতে ভালবাসে।
উলশ !
চাবুম! চাবুম!

ইয়ালো যখন জ্যাকি চ্যাং এর হাতে মার খাচ্ছিল, তালিব তখন গিটার বাজাচ্ছিল।

তুই নাকি নিজেই মলিকে বিয়ে করতে চেয়েছিলে, বিশ্বাস ঘাতক !!
এরপর?

শেষ মারটা দেয় শাহেদ-যার জন্য ইয়ালো মলিকে কিডন্যাপ করেছিল .. পরে ইয়ালো নিজেই মলিকে বিয়ের চেষ্টা করছিল।
ধরা ধম!

ইয়ালো সাহেদের ঘটনায় মলি-তালিবের প্রেম আরো গভীর হলো। তালিবের সাহস বেড়ে গেল।
MY MAN! MY HERO!
তারপর মোঁচ ফেলে আর চুল ছেটে তালিব গেল কর্ণেল ওয়ালীর কাছে।
চাচা ... মানে ভাইয়া ... মানে আব্বা... মানে চাচা এবং চাচী। আমি একটা কথা বলতে চাই।
কী ?
আমি না- আমি না- আমি না দুশ শালা! আমি একটা মেয়েকে বিয়ে করব। আপনার সাহায্য চাই।
?!
!!
তুমি বিয়ে করবে বলে আমার সাহায্যে চাইছ কেন ? তোমার বাবা মা কি নারাজ ?
না- না। আপনি সাহায্য করলে খুব সহজ হয়।
ঠিক আছে আরে মেয়ে রাজী থাকলে আমি অবশ্যই সাহায্য করবো। তা এখন কী করতে পারি ?
মলির সাথে আমার বিয়েটা ঘটিয়ে দিতে হবে !

বেসিক আলী

তালিব মলির বিয়ের প্রস্তাব দিতেই মলির বাবা ক্ষেপে গেল।


বোওওও



মহা ধুমধামে মলি-তালিবের বিয়ে হয়ে গেল ১৯৭৮ এ। বন্ধু-বান্ধব বেশি হয়ে যাওয়ায় বিয়ের স্টেজে শেষ মুহূর্তে ঘটেছিল এক বিব্রতকর নাটক।

অতিরিক্ত মানুষ এক স্টেজে উঠে পড়ায় কবুল বলার সাথে সাথে স্টেজ ভেঙ্গে সবাই কুপোকাত। এভাবেই মলি-তালিবের বৈবাহিক জীবনের শুরু ... যেখানে প্রতিদিন ঘটত এমনই মজাদার অঘটন।

আজাইরা চাকরী। এর সাথে যুক্ত হয়েছে সুন্দরী বস রিয়াকে নিয়ে ব্যক্তিগত ঝামেলা ! কীভাবে পালাই ?
ইউসুফ ওকে বলো যে বল্টু ইন্ডাস্ট্রির ঋণের ফাইলটা যেন এক্ষুনি UPDATE করে দেয়!
ইউসুফ, ওকে বলো UPDATE যে করাই আছে সেটা দেখেনা কেন ? কানা নাকি ?
ইউসুফ ওকে বলো তুই কানা !
!!
ব্যথা পেয়েছেন ? হাড্ডি গুড্ডি ঠিক আছে তো ?
হাড্ডির কিছু হয় নি। তবে আমার হার্টটা একটু ডান দিকে নড়ে গেছে ...

১০.১৫
১১.২৫
২.৪৫
৪.০০
তাহলে এটাকেই বলে প্রেমে পড়া!!

স্টোর
রহমানিয়া
৩৫৬...৪১৫ ...হি:হি:
১০০ টাকা আমার!
তাই তো বলি- যে ছেলে একটা কাজ করে না- সে হঠাৎ বাজার করতে এত আগ্রহী কেন ?
থ্যাংক ইউ ! আমি কাউকে বলব না যে তুই টাকা মারিস !

জালিয়াত! জোচ্চোর! বাটপার ! অন্যের উপার্জনের টাকা মেরে দেয়।

বড় ভাইকে গালাগাল ? ? এক চড় দিয়ে দাঁত ফেলে দেব।

আরে ধুর আমি তো বলেছিলাম ঐ চোরটার কথা !
তারেক মির্জাকে মই মার্কায়
ভোট দিয়ে দেশ লুটপাট করার সুযোগ দিন।
নিহিলিস্ট পার্টি

বেসিক আলী

আমার মিটিংগুলোতে একদমই লোক হচ্ছে না। কম খরচে লোক সাপ্লাই করতে পারবে ?
সাম্যবাদী যুব দল
যদি ব্যানারটায় একটু পরিবর্তনে রাজী থাকেন। ৫০০০ টাকায় অনেক লোক এনে দেব।
সত্যি ?
সাম্যবাদী যুবতী দল
সমাবেশ
ব্যাটা বাটপার !


প্রথম বেতন পেয়েছি। তোমার জন্য একটা জিনিস বানিয়ে দিয়েছি। এটা দিয়ে তোমার সম্মান বাড়াতে পারবে।
আল্লায় তোমারে অনেক বড় করুক !
এই যে সার ... এইডা একখান লয়া যান !
আবার আসিয়েন সার !
SUNDAR ALI
BEGGAR
LAKE SIDE CROSSING
WORKING HRS - 8AM-8PM
SATURDAY OFF

ই ই ই ই !
ক্লিক!
পরে
ভাইয়া- তোর GIRL FRIEND টা হয়তো সুন্দর ... কিন্তু কেমন যেন একটু পিকুলিয়ারও !

তোকে বটি দিয়ে কুচি কুচি করে কেটে নদীতে ভাসিয়ে দেব। পিরানা মাছ ঠুকরে ঠুকরে তোর মাংস খাবে। এরপর তোকে ...
না আ আ আ
MADDEST, MADDEST, ভাইয়া না প্রেমে পড়েছে! এই দেখ তার মোবাইল ফোনে মেয়েটার ছবি!
বুঝলে MADDEST- ভাইয়া IS IN LOVE ... লা ও ও ও ভ!
মেয়েটা মনে হচ্ছে বেশ সুন্দরী। যাই তোদের বাবাকে দেখিয়ে আসি !
কেন বললি?
গ্যাক!
না MADDEST না! বাবাকে বলো না- সে নির্ঘাত আমাকে বিয়ে করিয়ে দেবে !!

সরি বেসিক, সাত সকালে আপনাকে একটা অফিসিয়াল কাজে ফোন করতে হলো...
এ্যাঁ ? কে রিয়া ?
.. হি হি হি
হি হি হি হি ... লাওওও ... ভাইয়া IS IN LOOOVE
এহম!
সরি রিয়া, টিভির শব্দটা বিরক্ত করছে ... এক মিনিট !
হি হি হি হি
হু এবার বলো...
গ্যাক!

তোমার নাম রিয়া হক ?
আশ্চর্য !
ছবি থেকে সামনা-সামনি তোমাকে ১০ গুণ বেশি সুন্দরী লাগছে ! তুমি ঠিক রিয়া তো ?
হালুম
হুঁ-তুমিই সেই মেয়ে !
TONY

বেসিক আলী

বিব্রত বোধ করো না! আমি তোমার মলি আন্টি। তোমার একটা ছবি দেখে এত ভালো লেগেছে যে চলে এলাম !
ও ! বসুন!
এমন নিষ্পাপ সুন্দর মুখ... যেন এক নম্র বিশ্ব সুন্দরী। বহু দিন এত সুন্দরী দেখি নি !
জ্বী আন্টি .... আপনিও খুব সুন্দরী।
আমি হচ্ছি ভটু এক বুড়ি। তুমি হচ্ছ সুন্দরী।
না-না আপনি যথেষ্টই সুন্দরী।
বলছি তুমি সুন্দরী !
না আপনি !
মুখে মুখে কথা !
আপনি ভটু সুন্দরী !
হা হা হা হা হা হা হা হা হা...
তা এই সুদর্শন ছেলেটা কে ?
ইয়ায়া !
মা ?? এখানে কেন ?
এ হচ্ছে বেসিক আলী !
উনি হচ্ছেন মলি আন্টি। আমাকে বলেছেন একটা লোন চান উনি। তবে টাকা না আমাকে ... তাঁর ছেলের জন্য।
মায়ের গভীর ষড়যন্ত্র।

বিদায় রিয়া। এই শুক্রবার অবশ্যই আমার বাসায় আসবে। জমিয়ে হাসব !
বিদায় মলি আন্টি !

খবদ্দার ... শুক্রবার ওনার বাসায় যাবে না ... কোনো বিয়ের প্রস্তাব গ্রহণ করবে না।
কেন ? উনি তো বেশ চমৎকার মহিলা !

আর ওনার বিয়ের প্রস্তাবে আপনার আপত্তি কেন ? আপনি আমার কে ?

অমন সুন্দরী মহিলার ছেলে নিশ্চয় আপনার চেয়ে সুদর্শন এবং চমৎকার হবে .... তেমন ছেলে পেলে বিয়ের কথা ভাবতেও পারি !
!!!
হায় MADDEST !

আমার এক বন্ধুর জন্য বুদ্ধি দাও তো চাচা। সে এক মেয়ের প্রেমে মজেছে। কিন্তু সে এক বছরের মধ্যে মেয়েটাকে প্রেম নিবেদন করবে না। তাকে অন্য কারো সাথে প্রেম বিয়ে করতে দেবে না। আবার তাকে দুঃখও দিতে পারবে না।
হু... একটু ভেবে বলি !

... আচ্ছা মনস্তত্ত্ববিদ ভাইয়া বলতো ...
হু.. একটু ভেবে বলি !

...আচ্ছা প্রেম বিশেষজ্ঞ মলি বলো তো ...
হুঁ... আচ্ছা ! সমাধান করছি !

আরে MADDEST কে বলল আমি রিয়াকে এক বছর ঝুলিয়ে রাখতে চাই ??

আচ্ছা মা, এ বয়সেও তোমার চুলের এত লম্বা আর সুন্দর থাকার রহস্য কী ?
সুখী থাকা। সুখে থাকলে ত্বক এবং চুল দুটোই ভালো থাকে !
তবে কিনা আমাকে সদা সুখী রাখতে গিয়ে তোর বাপ আবার সব চুল হরিয়েছে !

বেসিক আলী

মলি ! মলি !
দেখ - দেখ আমার টাকে নতুন দুটো চুল !
হে আল্লাহ এটা কেমন হলো ? এতো দোয়া করলাম, আর দিলে মাত্র ২টা চুল। তুমি ওর মাথায় অনেক চুল দাও, আল্লাহ !



ইয়াল্লা !

হে আল্লাহ-আমার শিক্ষা হয়েছে। ওর টাক ছিল-ঐ সুন্দর টাকটাই ফিরিয়ে দাও !

তাড়াতাড়ি ছবি তোলা শেষ কর বেসিক !
এক মিনিট।
জলদি কর !
তোর বাবা আগের মতো দম ধরে রাখতে পারে না !
পটাং!
পটাং!


Bb
bangu
banque

একী বেসিক ? রোলার স্কেটস, কপালে কার্ড লাগিয়ে অফিসে এসব কী হচ্ছে ?

এ হচ্ছে দক্ষতা বৃদ্ধি। এগুলো দিয়ে অফিসে দ্রুততার সাথে চলাফেরা করে দৈনিক ১০ মিনিট কর্ম সময় বাঁচিয়ে ঘুম দেয়া যায়।

অবিশ্বাস্য! বেসিকের পাগলার আইডিয়া দেখছি অফিসের সবাই ব্যবহার করা শুরু করেছে !

পুরো অফিসটা যেন এক পাগলা গারদ !
ধ্বা ম!

এখন থেকে অফিসে পিওনদের রোলার স্কেটস ব্যবহার নিষিদ্ধ !

নতুন চাকরী পেলি প্রায় দেড় মাস। একদিনও সেই উপলক্ষে খাওয়ালি না! এটা কেমন ছোটলোকী ?
আমি তোকে খাওয়ালে কেমন দেখাবে ?
কেমন আবার ? এটাতো বাঙালির ট্র্যাডিশন !
পরে
কিরে, বিলটা তোকে দিতে হবে বলে রাগ করলি ? আরে আমিই তো খাওয়াচ্ছি . নে হা কর!

এই ভিক্ষুক হালায় বহুৎ জ্বালাইতাছে ! ছুঃ টাইগার ছুঃ কামড়া হালারে !

এক মিনিট ! এই কুত্তাতো আমার লগেই রাস্তায় থাকে !
ঘাউ!
ঘাউ !

ছুঃ টাইগার ছুঃ! কামড়া এই শ্রেণী শত্রুরে !
ঘাউ!
ঘাউ !

বলুন তো স্যার! এই বেয়াদপ ছাত্র ম্যাজিক আলিকে নিয়ে কী করি ?
শিক্ষকদের কমন রুম
যখনই তাকে আমি কিছু প্রশ্ন করি সে ভান করে যেন আমি তার পাশের জনকে প্রশ্ন করছি !! এ অবস্থায় আমার কী করা উচিত ?
আমি কি বেত ব্যবহার করতে পারি ? স্যার ? আমার কথা শুনছেন ?
কাদের স্যার কাকে প্রশ্ন করেছেন ? আপনাকে ?
না, আপনাকে !

ঐ যে এলো ভাইয়ার LOVE .. হি হি ভাইয়া IS IN LOOOVE..
এটা কি মলি অ্যান্টিদের বাসা?
হি হি হি হি WHAT AN আপু ... হি হি হি হি আমিও IN LOOVE...
এটা কে ?
এসো এসো সুন্দরী মেয়ে। ঐ দুষ্টু ছোট ছেলে হচ্ছে ম্যাজিক, এ হচ্ছে আমার মেয়ে নেচার।
শাড়িতে তোমাকে অপসরীর মতো লাগছে।
সত্যি মা .. রিয়া আপু যেন এক সৌন্দর্যের দেবী ...!
প্লিজ অনেক লজ্জা পাচ্ছি !
সে কিরে ... মেয়েটাতো লজ্জায় অজ্ঞানই হয়ে গেল !!

তোমার বাবা ব্যাংকার নওশাদ হক আর মা ডাক্তার দিয়া হক। মানে নইশ্যার মেয়ে তুমি ? কাজ সেরেছে !
না না ভয় পেও না। মানে তোমার বাবা আর আমার স্বামী অল্প অল্প শত্রু !
কেমন অল্প ?
তেমন কিছুই না। দুজনের মুখোমুখি দেখা হয়ে গেলে অল্প স্বল্প গোলাগুলি হতে পারে। বন্ধুত্বপূর্ণ মৃত্যুও হতে পারে।
সরি রিয়া তোমাকে SURPRISE টা দিতে পারলাম না কারণ সেটা পালিয়েছে। আগামী সপ্তাহে অবশ্যই ....
হি.হি. আজ আসি !
ইইই !
বেসিক ! আপনি এখানে কেন ?
আমাকে ফলো করছিলেন বুঝি ?

আপনি সেদিন মলি আন্টির বাসায় আমাকে ফলো করে গিয়েছিলেন কেন ?
এমনিই !
এ ধরনের বোরিং উত্তর দিলে দিন দিন আমাদের দূরত্ব বাড়তে থাকবে !
হুঁ! দুই ফিট !
দূরত্বটা মেপে রাখলাম যাতে ভবিষ্যতে বেড়ে গেলে কমিয়ে আনতে পারি !
!!

আরে কাঁদছিস কেন মা ? কে তোকে কী বলেছে !?
কে সেই পামড় ! নাম বল ! চাবকে তার চাম তুলে নেব !
উ উ বাবা ... অভিষেক!! যে ঐশ্বরিয়াকে বিয়ে করেছে !
কোন বাসায় থাকে তোর এই অভিষেক ?

হ্যারে বেসিক, এ পাড়ায় অভিষেক নামের কাউকে চিনিস যে তোর বোনের হৃদয় ভেঙ্গে কোন এক ঐশ্বরিয়াকে বিয়ে করছে ?

বাবা তুমি সত্যিই অভিষেককে চেন না ?
ছবি দেখলে বলতে পারতাম!

ই ই ই ই ! নিজের পোস্টার ছেপেছে ! ছোঁড়ার ভাব দেখ ... নিজেকে মনে করে ফিলিমের হিরো!
AVISHEK

পরে

এটা কেমন কথা ? বোম্বের হিরো অভিষেক ঐশ্বরিয়াকে বিয়ে করছে বলে তোর কান্নার যুক্তি কি ?
ইয়ে ...

মানে অভিষেক রাণীকে বাদ দিয়ে কেন "প্লাস্টিক" ঐশ্বরিয়াকে বিয়ে করছে-এ দুঃখে কাঁদছিলাম ! দেখ ঐশ্বরিয়া কেমন মেকি ?
এটা ঐশ্বরিয়া ?

হায় ঐশ্বরিয়া তুই কেন ঐ চ্যাংড়াটাকে বিয়ে করছিস্ ?!

কাগজ ! কাগেজ !
কাগজ-কাগেজ !!!
?!?
!!
?!?
ভূত!
ভূত!

ঘাউ ! ঘাউ!
ঘাউ! ঘাউ !


ঘাউ ! ঘাউ!
ঘাউ! ঘাউ !


Geometry
দিস এঙ্গেল ইজিকল্টু দিস এঙ্গেল !
দিস এঙ্গেল ইজিকল্টু দিস এঙ্গেল !
ক্লাসটা হঠাৎ গম গম করে উঠল কেন রে ? তোরা কি আমাকে ভেংচাচ্ছিস ?
না স্যার। এটা প্রতিধ্বনি নি নি নি নি নি
বদমাশ ছেলেগুলো আমার সাথে তাল মিলিয়ে পেছনে কথা বলছে ! ওদের হাতে নাতে ধরতে হবে!
Geometry
দিস এঙ্গেল ... !! !!!!!!
দিস এঙ্গেল ইজিকল্টু দিস এঙ্গেল !
প্রতিধ্বনি হচ্ছে না ? প্রতিধ্বনি নি নি নি ... বদমাশের দল !
ঠাস!
ঠাস!

আবার GAMEBOY - এ হরি পোদ্দার খেলছিস ? পড়াশুনা তো লাটে উঠল !
আজ কোনো ভিডিও গেম চলবে না! যা পড়তে যা !
বড় ভাই হবার মজাটাই অন্যরকম !
বুম! বুম !

বেসিক আলী


বুম!
বুম !

তুই নাকি ম্যাজিককে হুমকি দিয়ে খেলার ম্যাশিনটা কেড়ে নিয়েছিস ? এটা আমার কাছে থাকবে !
!!
চল!

হেঃ হেঃ বাপ হবার মজাটাই অন্যরকম!

হেঃ হেঃ ইয়ে বেসিক ... এটা দিয়ে খেলে কীভাবে ?
!!

লজ্জা করে না ? দুই ধামড়া মিলে ছোট্ট ম্যাজিকের খেলার যন্ত্র কেন কেড়ে নিয়েছ ?


এই নে!
YAHOO! MADDEST IS THE BEST !!
বুঝলি বেসিক ! মা হবার মজাটাই অন্যরকম !


হিঃ হিঃ ভাইয়ার ওপর প্রতিশোধ!
বেসিক ? তুই ঘরে নাকি ?
না ! বাবা এসো না !
ছ পা শ
না করলাম শুনলে না ! এখন আমাকে দুষ্টামির শাস্তি দেবে অথচ সব দোষ তোমার !


বাজী ?
বাজী !!
CONFERENCE HALL
BANGU BANQUE

তুমি জিতলে ৫০০ টাকা দেব ! ঠিক আছে !
ঠিক আছে

স্যার ওকে ওঠান! না হয় আমার ৫০০ টাকা লস।
ঘু ! ঘু !

এসো বেসিক এক রাউন্ড তাস খেলা হয়ে যাক !
কিন্তু স্যার ধরা খেলে কী হবে?
আরে ধরা খেলে কেলেংকারী ! এজন্যই তো তাস খেলে মজা ! তবে টাকা দিয়ে খেলা যাবে না !
ঠিক আছে । টাকার বদলে আমরা লোন ফাইল দিয়ে খেলতে পারি !
কাল্লু টেক্সটাইল ১ কোটি টাকার ফাইল
হাবলু মিলসের ৪ কোটি টাকায় 'শো'!
বেক্সিমকোর ২ কোটি !

স্যার আমার ১২ বছর কর্মজীবনে ম্যাজিকের মতো পাজী অন্য কোনো ছাত্র পড়াইনি ! সে অঙ্ক খাতায় ইচ্ছা করে ভুল উত্তর লিখেছে ।
হেড মাস্টার মোজামেল মিয়া দক্ষিনা হাই স্কুল

তারপর সে ঐ ভুল উত্তরের ওপর মোম ঘসে রেখেছে। আমি যখন আমার শখের পার্কারটা দিয়ে কাটতে গেছি - নিবটা গেল নষ্ট হয়ে। তাই রাগে ওর দিকে ডাস্টারটা ছুঁড়ে মেরেছিলাম ...

তাই বলে আপনার নিশানা এত জঘন্য হবে সে সেই ডাস্টার জানালা দিয়ে উড়ে আমার মাথায় লাগবে ?

ম্যাজিক !!!
ছোঁচা ছেলে - গতকাল এক বয়ম আচার শেষ করেছিস - আজ আবার এক বয়ম সরিয়ে ফেলেছিস ! আর কেউ খাবে না ?
সত্যি MADDEST আমি চুরি করি নি। বাবাকে দেখেছি ঐ দিকটায় যেতে !
মিথ্যুক ছেলের কথায় কান দিও না মলি! আমি কেন আচার চুরি করব ? এ্যাঁ ?

আরে ? বাবার মানিব্যাগ ?

এতগুলো টাকা ... আমাকে যেন হাতছানি দিচ্ছে ... !
সন্দেহজনক !!

এই যে শো-কেসের পেছনে লুকিয়ে থাকা বাবা... তোমার মানিব্যাগ! আমাকে ফাঁসাতে চাইলে তোমাকে আরো বুদ্ধি ব্যয় করতে হবে !

বেসিক আলী


SWEET HEART, এখন অফিসে যাচ্ছি, খোদা হাফেজ !
হুঁ!

বললাম অফিসে যাচ্ছি খোদা হাফেজ !
শুনেছি তো ! খোদা হাফেজ !

২৮ বছর ধরেও তুমি দ্রুত স্বামীর পকেটমারা শিখলে না ?
আরে তাকাচ্ছ কেন?

আমি কখনো বৃষ্টিতে ভিজিনি!
BANGU BANQUE
CORPORATE BRANCH
অসম্ভব
চলো বৃষ্টিতে ভিজি!
ইয়ে... মানে যদি জ্বর হয়ে যায়?
CORPORATE BRANCH
ইয়াহু... জীবনে প্রথম বৃষ্টিতে ভিজছি!
কি যে পাগলামী করাচ্ছে বেসিক
এ কী?
একবারে গোছল সেরে ফেলছি!

বেলুন ? তুমি কি শিশু ?
না আ আ .. আমাকে কিনে দিতেই হবে !

চাচা, সবগুলো বেলুন দিন !



আসুন না আমার বাসায় এক চাপ কা ... সরি এক কাপ চা খেয়ে যান ! ভয় নেই ... !
ইয়ে...
আজ আব্বু আর মায়ের বাড়ি ফিরতে দেরী হবে। বাসায় কেবল আমি ...
একা বাসায় তোমার সাথে ??

বেসিক আলী

রিয়ার বাসায় শুধু আমি আর রিয়া... একা !!
কেমন মাথাটা ঘুরাচ্ছে আমার!!
বক্ বক্ বক্
হার্টটা মনে হচ্ছে লাফিয়ে শার্ট
ছিঁড়ে বেরিয়ে যাবে...
আরে ধ্যাৎ ..হার্ট কোথায় ! এতো একটা কোলা ব্যাঙ ...
শার্টের ভেতর লাফাচ্ছিল !
ঘ্যাং
ঘ্যাং
সাঁই

এই সুন্দর একাকী সন্ধ্যায় তোমাকে একটা কথা বলতে চাই রিয়া !
ANYTHING আপনাকে নিয়ে আমার কোনো অস্বস্তি নেই !
আমি না.... তোমাকে ... ।
মমমম মম !
প্লপ!
গাঁই
কী রিয়াপু! এই মরাখেকোটা কি তোর BOYFRIEND?

বেসিক আলী

ভেবেছিলাম আমরা একা ! কিন্তু দেখছি তোমার একটা ছোট ভাই আছে যে কিনা আমার ছোট ভাইয়ের মতোই পাজী! যাক ! আজ তাহলে উঠি !
হে হে হে
ছি ছি রাজীব, তুই আমাকে এভাবে লজ্জা দিলি ? কী মনে করল বেসিক আমাকে ?
বাঃ বাঃ আবার রাগ করাও শিখে গেছিস ?
রিয়াপু আর বেসিক ইন লা ওওওভ ... LOOOVE...
ইয়ে... খোদা হাফেজ !
কী বলে রাজীব ?

ম্যাজিকের বাচ্চা !!! আমার মুখে আঁকাবুকি করার জন্য তোকে আজ সাইজ করবো !!!
ওরে বাপরে!

বজ্জাত!
না ভাইয়া মেরো না ! নেহি ই ই ই !

হি হি হি হি ... কেমন ? প্যান্টের ভেতর স্টিলের বাসন ঢুকিয়ে রেখে ছিলাম !!!

টিক টক !
টিক টক !

ক্রিং রিং !

ম্যাডেস্ট ! ভাইয়া আমার চুলের ভেতর এলার্ম ঘড়ি ঢুকিয়ে দিয়েছে !!!
রি রি রি রি ং ং !

ছোট ভাইয়ের চুলের ভেতর এভাবে এলাম ঘড়ি গুঁজে দিয়ে ঠিক করে নি বেসিক !
কেন ? ঠিকই আছে। ব্যাপারটা তো মজারই হে হে ...
ক্রিরিরিং

তোমার মাথায় অমন এলার্ম ঘড়ি গুঁজে দিতাম- বুঝতে কেমন মজা!!
তাহলে দাও না আমার মাথায় গুঁজে !

হুঁহ
টিক্ টক্ টিক্ টক্

ভাইয়া আমার সানগ্লাসটা কোথায় লুকালো? উঃ আমার "cool" ভাবটা নষ্ট হয়ে যাচ্ছে।
সানগ্লাস COOL! আচ্ছা!!
ম্যাডেস্ট! ভাইয়া আমার সানগ্লাস ডিপ ফ্রিজে লুকিয়ে রেখে নষ্ট করেছে !!!

বেসিক আলী

হা হা হা হিরোর মাথায় চা পড়েছে ... হা হা হা..
??
বেসিক !!! উনি আমার বড় ভাই ?
সব্বনাশ! ভাই !! দুর্ঘটনার জন্য সরি ভাইয়া !!
মারুফ ভাই হচ্ছে আমার খালাতো বোনের মেয়ের বড় ছেলে !!
??
HI !
খালাতো ? উপস ... পানির জগটা হাত ফস্কে গেল !
ভুস !
এমন অদ্ভুত আচরণ করছেন কেন বেসিক ? মারুফ ভাই আমার হার্ভার্ড ফেরত বড় ভাই !
দুর সম্পর্কের খালাতো ভাই।
মারুফ ভাই, এ হচ্ছে বেসিক, আমার বন্ধু এবং কলিগ !
বন্ধু ? এ হচ্ছে এক শিকারী নেকড়ে। আর নামের ছিরি দেখ : ব্যা-SICK!
উপস ! গ্লাসের পানিটা হাত ফস্কে ছিটকে গেল ! SORRY!
ছপাস !

বেসিক,; খারাপ আচরনেণর জন্য আপনি আমার খালাতো ভাইয়ের কাছে ক্ষমা চান আর হাত মেলান। না হয় আপনার সাথে জন্মের আড়ি ....।
আ-আচ্ছা !
দুঃখিত মারুফ ভাই, আমি আসলে ঠাট্টা করছিলাম।
ঠিক আছে।
এইবার আমিও ঠাট্টা করছি ... হু হু হা হা হা হা .... !
মচ্ মচ্ !
দুম!
মারুফ ভাই - বেসিক ! মারামারি থামান ! ছিঃ এটা একটা অফিস ! দুজনই এখান থেকে বের হয়ে যান !!
ধাম !
ধড়াম!
মুকুল ভাই ! মুকুল ভাই ! ওদের থামান !
আরেকটু জমুক ! বেসিক জিতলে আমি ৫০০ টাকা পাবো, আর হারলে আমি ৫০০ টাকা হারাব' !

SCENE CREATE করার জন্য আমরা দু জনই দুঃখিত এখন আমরা শত্রু-বৎসল বন্ধু হতে রাজী হয়েছি !
বেসিক ? আপনার বেসিক আচরণ এত খারাপ ?? মারুফ ভাই ? আপনি না হার্ভার্ডে পড়েছেন ? এই কি আপনাদের শিক্ষা ?
ওসব পড়াশুনার প্যাঁচাল বাদ !! বলো আমাদের দুজনের ভেতর কাকে তোমার ভালোলাগে ?
মারুফ ভাই আর বেসিক দূর হন। ছিঃ আপনাদের অসভ্যতায় আমি বিব্রত !!
কী ক্ষেপেছে রিয়া ...
ছিঃ !
এমন অসভ্য মারামারি ??
আমার জন্য দু দুটো ছেলে মারামারি করছে !! হায় .... !

I LOVE YOU MORE THAN I CAN SAY ... O RIYA BABE
ভৌ ভৌ ভৌ
OW OW OW EHHI
আমি এখানে ভৌ ভৌ করছি ? তর্ক না করে যাও, তোমার আপাকে বারান্দায় পাঠাও। তাকে গান শোনাব!
কিয়ের আপা ?
SHE LOVES ME YEA YEA YEA
আরে বেসিক নাকি?
YEA BABE YEA
তা আপনি আমার পাশের বাড়ির সামনে দাঁড়িয়ে ঐ বুয়াকে কী এত প্রেমের গান শোনাচ্ছেন ?



বেলু মিয়া এক প্যাকেট সিগা...
ক্যাঁ এ এ চ

ধ্যাৎ ! আবারও ব্রেক কষে পা নামাতে ভুলে গিয়ে ছিলাম !
ধড়াম!

এই যে দেখ ভাইয়া! ৫০ ফুট উঁচু থেকে ঝাঁপ দিচ্ছি !
খবদ্দার ম্যাজিক! এত উঁচু থেকে লাফ দিবি না ! ব্যথা পাবি !
SWIMMING CLUB
হাঃ! আমি ব্যথা পাই না !
বলেছি ব্যথা পাবি !!!





আমাকে দেখে মেয়েটা হাসল কেন? আমি কি এতই হাস্যকর?



বেসিক আলী

বেসিক ? হ্যারে .... বেসিক রে !
তোর কি কখনোই কোনো সময়-জ্ঞান হবে না ? প্রতিরাতে আমাকে না জ্বালিয়ে
এখন ১২টা ৩৫ মিনিট। তোর বাবা নিশ্চিত ঘুমোচ্ছেন। বাড়ি যেতে পারিস!
একটা ঘড়ি কিনে নিতে পারিস না ?

দোকানদারকে বললাম ভালো একটা ঘড়ি দেখান। তারপর ৪০০০ টাকা দিয়ে এটা কিনলাম। কেমন?


বাঃ মজার তো! কোনো সেকেন্ডের কাঁটা নেই!

ঠগবাজ দোকানদার! সেকেন্ডের কাঁটা ছাড়া ঘড়ি বেচেছে আমার কাছে! দাঁড়া আসছি!

চলো আজ তোমাকে অফিসে নিয়ে যাই !
আ-আপনি আমাকে লিফ্‌ট দিতে এত সকালে ??
ঘড়াং!
YOU FEAR.
এসো রিয়া আমার লেক্সাসে করে অফিসে পৌঁছে দিই। তুমি নিশ্চয় একটা ভাঙ্গা গাড়িতে চড়তে চাও না !!
তা রিয়া আমার লেক্সাসে করে অফিস যেতে কেমন লাগছে ?
জঘন্য!
আপনি বেসিকের গাড়ি ধাক্কা দিয়ে নষ্ট না করলে তার সাথেই অফিসে যেতাম। আপনার ছোটলোকীতে বেসিক আক্রান্ত !
আমি ছোটলোক ? আমি তো বেসিককেও আমার লেক্সাসের সাহায্যে পৌঁছে দিচ্ছি !

!!!
!
বা: !
?!!!
ক্লিক !
ম্যাজিক IS IN LOOOVE .... ! LOOVE .... !
পর দিন
আমি এর কড়া প্রতিবাদ করছি। বাংলাদেশে বড় ভাইরা ছোট ভাইদের তিরস্কার করে অথবা পিটুনি দেয় !
কিন্তু সাইনবোর্ড টাঙ্গিয়ে ছোটভাইদের পঁচায় না!
ম্যাজিক ইজ ইন
লা ও ও ও ও ভ
(Loove)
চামুচ আর্ট

আমি তোমার অনুগত দাস হয়ে থাকব।
কখনো জ্বালাব না।
তোমার পা টিপে দেব !
বাজারের মারা টাকার ভাগ
দেব। GAMEBOY
খেলতে দেব !

এই যে MADDEST! তোমার পেয়ারের ছোট IS IN LOOOVE ...
এই দেখ সেই মেয়ের ছবি !
নেহি ই ই ই

পাউরুটি সেলিম ভাই, বেসিক আলী নামের এই লোককে হাল্কা সাইজ করতে হবে ! কত ?
কীভাবে চাচ্ছেন?
হু ! ১নং সার্ভিস নেব !
পাউরুটি সেলিম হাল্কা গুণ্ডা সমিতি সার্ভিস চার্জ
১. দুটো দাঁত ফেলে দেয়া ৫০০০ টাকা
২. নাক ভচকে দেয়া ৬০০০ টাকা
৩. গোবর দিয়ে মাউস ওয়াস ৬৫০০ টাকা
৪. হাত ভেঙ্গে হাতে ধরিয়ে দেয়া ৯০০০ টাকা
৫. পা ভেঙ্গে হাতে ধরিয়ে দেয়া ১৫০০০ টাকা
৬. ন্যাড়া করে ঘোল ঢালা ৪০০০ টাকা
৭. অন্যান্য (দরাদরি) কর্তৃপক্ষ


ROCK
খাড়ান!
ROLL
হাসেন দেহি !
?
ROCK
মিয়া ছবির লগে মিলায়া
হাসেন !
!!

বেসিক আলী !! দাঁত ভাঙ্গা জবাব দিতে আমি আইসি !

ওয়াক্‌

উফ! আগে দাঁত মেজে আসুন তারপর রংবাজী ! হাহ্! হাহ্!
হাহ! হাহ!

এই ব্যাটা বেসিক, চালাকী কইরা কাট মারতাছিস !! আমি পোরফেশনালর গুণ্ডা তোর দুই খান দাঁত না লয়া যামু না!
হুঁ ! তা আমার দাঁত তুলে কত টাকা পাবেন ডেন্টিস্ট সাহেব ?
১২০০ টাকা !
আমি ১৫০০ দেব !
এ হচ্ছে হার্ভার্ড মারুফ। একে ফোকলা করে দিলে আপনি পাবেন ১৫০০ টাকা!
মারুফ ডাই, শান্ত হন। আমার গুণ্ডা পোরফেশনাল! সে এক্ষণি বেসিক আলীর দুইডা দাঁত লয়া আইব !
কী জানি ? বেসিক খুব চালু মাল !
হার্ডার্ড মারুফ ভাই! এই যে পিরিচে কর্ভরা বেসিকের দাঁত লয়া আইছি!
ব্যাটা মিথ্যুক! এই প্লাস্টিকের দাঁত বুঝি বেসিকের ? কত টাকা ঘুষ খেয়েছিস বল !

পাউরুটি সেলিম ভাই, এর বিচার করুন। বেসিকের দাঁত তুলতে টাকা দিলাম, অথচ আপনার গুণ্ডা নিয়ে এলো প্লাস্টিকের দাঁত ! কত ঘুষ খেয়েছিস ?
১৫০০ টাকা পাইছি! আমার দরকার তোর দাঁত !
সাঁই
আমার দাঁত!! তবেরে শয়তান!!
বাংলাদেশে এখন একটা সৎ গুণ্ডাও পাওয়া যায় না!
ভুল হয়া গেছে বস!

হ্যাপি বার্থ ডে, রিয়া !
মারুফ ভাই আমাকে এত ফুল দিচ্ছেন?
তুমি তো নিজেই একটা ফুল...
তবে আপনার ভুল হচ্ছে। আমার বার্থডে আরো তিন মাস পর !
আসলে আজ আমার বার্থ ডে!
রিয়া তুমি কেন আমার চেয়ে বেসিককে বেশি পছন্দ করো ? সোজা বলে দাও!
আপনি আমার খালাতো ভাই। আপনাকে আমি "ঐ ভাবে" পছন্দ করি না !
বেসিকের ভেতর একটা দুষ্টু ছেলে মানুষি আছে যা আমাকে স্বাচ্ছন্দ্য বোধ করায় ... যা আবার অন্য ছেলেরা আগে পারে নি !
আর বেসিক খুবই কিউট !
গররর !

অসম্ভব ! আমি জীবনে কোনো খেলায় হারি নি ! হার্ভার্ড মারুফ কখনোই DU বেসিকের কাছে হার মানবে না। তাই সে বলার আগেই আমি বলতে চাই যে .....
মারুফ ভাই থামুন!
আমি তোমাকে....
না... না...
... ভালবাসি ! আমি তোমাকে ভালবাসি ... রিয়া ও I LOVE YOU !!!
এত দিন বলতে সাহস পাইনি। আজ বলছি রিয়া আমি তোমার প্রেমে পাগল ! তোমাকে ছাড়া বাঁচব না !
এ্যাঁ
ও বেসিক!
একি আমারটা না শুনে জ্ঞান হারালে? I Love You
হুঃ এটা আগে এলে- আগে-পাবেন প্রক্রিয়া!

বেসিকের প্রেম নিবেদনে রিয়া জ্ঞান হারা হতে পারে না। নিশ্চয় ও অসুস্থ বোধ করছে ! ডাক্তার ডাকব ?
আরে হার্ভার্ড দা, রিয়া খুবই সংবেদনশীল। যেহেতু সে এই কথাটা আমার কাছ থেকে আশা করছিল তাই সে জ্ঞান হারা। আবারও ওকে I LOVE YOU বললে ও অজ্ঞান হয়ে যাবে।
কখনোই না!
ও বেসিক !
হুঃ দ্যাখ ব্যাটা।
তো হার্ভার্ডদা, আরো প্রমাণ চাও যে রিয়া আমার প্রস্তাবে শিহরিত ?
আমি তোমায় ভালবাসি রিয়া !
ওহ্ বেসিক!
তোমাকে ছাড়া বাঁচব না !
হায়
I LOVE YOU !
ইশশ!!
ঠিক আছে! এবার আমার পালা !

সেই ছোট বেলা থেকে তোমাকে ভালোবেসে এসেছি রিয়া .....
প্লিজ অজ্ঞান হও!

এই একই ডায়লগ সে আমার অন্যান্য কাজিনদের দিয়েছে ....
খিক খিক খিক
হা হা হা হা
DU বেসিক হাসছে ! আমি হেরে গেলাম ?

শিইইট!

হার্ভার্ড মারুফ পরাজয় মানে না রিয়া আমাকে প্রত্যাখানের ফল পাবে। আমাকে অপমানের জন্য কার্টুনিস্ট শাহরিয়ারকে পর্যন্ত শাস্তি দেব !

এবার বলো তুমি কি আমার হবে ?

শাবাস !
ওয় ওয়ে !
তালি
তালি

সরি বেসিক ! আপাততঃ আপনার প্রেমের প্রস্তাব গ্রহণ করতে পারছি না !
আ
কী ?
এ্যাঁ...এ্যাঁ
রিয়া আমাকে প্রত্যাখ্যান করল ? আমি কী করব ?
আরে গাধা, মেয়েদের সব না, না নয়। রিয়া তোমার সাথে খেলছে। ওকে জয় করতে আমি তোমাকে সাহায্যে করব !
ত্র্যাঁ ? আপনার এত আগ্রহ কেন ?
আপনি ব্যাংকের এম ডির সাথে এ ব্যাপারে বাজী ধরেছেন ?
আরে আমি তোমার পক্ষে বাজী ধরেছি।

রিয়া বলছি। রাগ করেন নি তো ? আমি কিন্তু আপনার প্রেম .. প্রত্যাখ্যান করি নি ?
এ্যাঁ ?
আমি বলেছি আপাততঃ আপনার প্রস্তাব গ্রহণ করছি না। এর মানে আমাকে পেতে আপনার আরো কিছু করতে হবে !
ও!
প্রথমে আপনার ভালো... ভালোবাসার প্রমাণ দিন এবং নিজ পরিবার সম্পর্কে খুলে বলুন !
ও. তাহলে এই ব্যাপার ?
রিয়া BABY.. আমি এক সপ্তাহের মধ্যে আমার প্রেম প্রমাণ করে তোমার হৃদয়ে আমার পতাকা উড়িয়ে দেব !
ওঃ বেসিক ...
আমার পরিবার নিয়ে একটু লুকোচুরি করেছি কারণ আমার মা টা একটু বেশি রোমান্টিক ! তবে তাদের সাথে শীঘ্রই তোমার দেখা হবে !
সাই!
আমি তোমাকে অনেক ভালোবাসি রিয়া !
ওঃ বেসিক

আমি খুব সেনসিটিভ! সব টের পাই!
RIYA HAQ
কী চান বেসিক?
আশ্চর্য!
ই ই হি হি হি!
হি হি ... থামুন! প্লিজ! ঘাড়ে সুড়সুড়ি লাগছে! হি হি...

হা হা মলি !! অবশেষে আমি এক যাদুর কবিরাজী ঔষধ পেয়েছি ! এটা খেলে এক দিনে ৫ পাউন্ড ওজন কমবে !!
বলো কি !! কিন্তু অমন ওষুধ খাওয়া কি নিরাপদ ?
নিরাপদ তো বটেই ! এ হচ্ছে কবিরাজী ম্যাজিক! ১৫ মিনিটে এর যাদু শুরু হবে!
মলি !! .... মরে গেলাম ! ICDDRB নিয়ে চলো ! শালার POET KING আমাকে ঘন জোলাপ দিয়েছে !!

ভাবতেই পারছি না ? তোদের বাবা জোলাপ খেয়ে বাথরুমে দৌড়াতে দৌড়াতে রাতারাতি এত শুকিয়ে যাবে !!
Cool DUDE

হয়েছে শুকিয়ে আর কাজ নেই ! নে রে বেসিক আমাকে এবার পাম্প করে আগের মতো মোটা বানা !!

কবিরাজ ঘর
এখানে টাক, ভুঁড়ি এবং হৃত যৌবন পুনরুদ্ধারের চিকিৎসা হয়
ব্যাটা ভুয়া POET KING জোলাপ খাইয়ে ওজন কমানোর চিকিৎসা করে আমাকে মারতে নিয়েছিলি! আজ তোকেই মারব !
সারছে!
আমার রাশিতে বলা আছে এক ঝাঁকড়া চুলওয়ালা লোক আমাকে মারবে ! আপনার তো টাক !
ঝাঁকড়া চুল গজানোর কী ওষুধ আছে দে !!
এই যে তালিব ভাই, রাগ কইরেন না। এইটা টাকের মহা ঔষুধ ...হিমালয়ের ভেষজ থেকা তৈরি ! মুহূর্তের মধ্যেই কাজ শুরু করে !
দেখা!
কবিরাজ
বিশ্বাস না করলে দেখাই ... !
এমন একটা কিছু সন্দেহ করছিলাম !
পটাং


হ্যাহ !

হ্যাহ ? ব্যাটা পারবি আমার মতো ধোঁয়ার রিং বানাতে ?
রিং তো নস্যি !

আমি TRIANGLE বানানো শেষ করে ইদানিং SQUARE বানানো চর্চা করছি !

বাড়ি গাড়ি ট্যাকা পয়সা কিছুই রইব না
নারে নারে না
কোনো চিন্তা নাই
এক মিনিট!
আপনার দলের এই ট্যারা ভিক্ষুকটা একদম বেসুরা! এটাকে বাদ দেন!
কি কইলেন ট্যারা ভিক্ষুকের গলা বেসুরা? জানেন হ্যায় বাংলা সিনেমার গানের সুরকার?
আমার বন্ধু এক্ষুনি হার্মোনিয়াম নিয়ে আসছে
সা রে গা

ট্যারা ভিক্ষুকের গলায় সুর না থাকলে অসুবিধা কী ? আমরা ভিক্ষুক। ট্যারারে দল থেকা বাইড় কইরা দেওয়ার প্রশ্ন উডে না !
আমার কথা শুনলে তোমরা লাখ লাখ টাকা কামাতে পারো !
৭ দিন পর


ROCK CONCERT
ALTERNATIVE HIP - HOP
WVA
কুদ্দুস
হাচান
THE BEGGARS
অতিথি শিল্পী : হাচান, ম্যানেজার : হিল্লোল
দোস্ত কেমন লাগছে আমার এই নতুন BAND টা ?

গাড়ি বাড়ি ট্যাকা পয়সা কিছুই রইব না! না রে না রে না
THE BEGGARS

দোস্ত আমার ভিক্ষুকের ব্যান্ড THE BEGGARS তো SUPER-HIT!
হু এদিকে দল থেকে বহিস্কৃত ট্যারা ভিক্ষুক একটা চিঠি পাঠিয়েছে !

এ দিখছি লিগাল নোটিশ- ট্যারা ভিক্ষুক তার গান চুরির জন্য THE BEGGARS এর কাছে ১০ লাখ টাকা দাবী করছে !

বেসিক আলী

আমারে ওয়ার্ড কমিশনার বানাইলে এই এলাকারে গুলশান বনানী বানায়া দিমু ! আমি মিছা কইলে আমার মাথায় যেন বর্জ্য পড়ে !

ভাগ্য ভালো আমার উচ্ছারণের মা-বাপ নাই .... ঠাডা পড়লে মইরা যাইতাম !
কেরামদের বুট দেন



বেসিক আলী

তোমার গরুর মাংস খাওয়া নিষেধ। মনে আছে তো ?
হিঃ হিঃ

ক্রিং! ক্রিং!
সুপ্রভাত রিয়া
আপনাকে বলা হয়নি ... আমি আজ মাকে নিয়ে সেই মলি আন্টির বাসায় যাচ্ছি ...
জানি !
আজ পালাস কীভাবে, দেখি।

রিয়া আর ওর মা দিয়া আসবে ১০টার সময়। সে পর্যন্ত তুই বাঁধা থাকবি যেন পালাতে না পারিস !
পাগলামী কর না ম্যাডেস্ট !
পাগলামী করি বলেই তো আমি ম্যাডেস্ট ! যা দাঁত মেজে নে, এক হাত তো খোলা আছে !
সাঁই !
তারপর হাগু করব কীভাবে ?

দিয়া ! আমার ছোটবেলার হারিয়ে যাওয়া বন্ধু !!!
মলি !! দুই যুগ পর তোকে দেখছি !!!

অনেক MISS করেছি তোকে ...আমাদের ঝগড়াটে স্বামীদের জন্য আমাদের বন্ধুত্ব আক্রান্ত হয়ে গিয়েছিল !!

ভালো কথা, ২২ বছর আগে আমার যেই কাতান শাড়িটা নিয়েছিলি ওটা কোথায় ? তুইও তোর স্বামীর মতো ধড়িবাজ!

আমি জানতাম তুই ছোটলোকী করে ২২ বছর আগের দেয়া কাতান শাড়িটা ফেরত চাইবি। এই যে তোকে এক ডজন দিলাম !! মনে করিস না আমি ভুলে গেছি .....

... তোর কানের এই হিরের দুলটা একদিনের জন্য ধার নিয়ে আর ফেরত দিস নি বাটপার !!

কানাবুবু বাটপার ! ছোটলোক !
ভোটকা পাগলা গরু ! ছ্যাঁচড়া !
প্লিজ থাম! ছি ! ঝগড়া করছ কেন !!
সব পাগল! বরং নেচারকে ডেকে আনি !
সুপ্রভাত রিয়া !

একি বেসিক ? ই ই ই ?
আমার মেয়েকে কে ভয় দেখাচ্ছে !!
বাঁচাও! এ বাসায় পাগল ঢুকে পড়েছে !
রিয়া- তোমার মলি আন্টি আমার মা আর এটা আমার বাড়ি। মা আমাকে বেঁধে রেখেছিল যেন আমি পালাতে না পারি এবং তোমাকে স্বাগতম করি !
?!!
শান্ত হ দিয়া ... এটা হৃদয়ের মামলা !
বুঝেছি - তোর ছেলে পাগল ! আমার মেয়েটাকে সরল সোজা পেয়ে তোর পাগল ছেলের সাথে বিয়ে দিতে চাইছিস!
তুই পাগল !

তোর পাগল ছেলের সাথে আমার মেয়ের বিয়ে হবে না !
হবে না !
হতেই হবে !!
হবেই !
বক বক! হাহা হা ...
ফিস ফিস ! হি হি হি ....
এর মানে কি তুই রিয়া আসলেই সত্যি সত্যি অবশেষে একটা ইয়ে করছিস নাকি এই ছোকড়ার সাথে ?
আরে না, না আন্টি আমার আর রিয়ার ভেতর কোনো ইয়ে নেই! আমরা কলিগ মাত্র !
মিথ্যে বলছ কেন ?
মিথ্যে বললে আমার মাথায় যেন ঠাডা পড়ে !
গুড়ুম!
?
! !

আমি আগে তোমাকে বলিনি যে মলি আলী আমার মা- কারণ এটা বললেই দেখতে আমার পরিবার আমাদের প্রচণ্ড উৎপাত করছে !
কী উৎপাত?
স্লামালাইকুম ভাবী সাব !!
একী ? আমাদের পা এক দড়িতে বাঁধা কেন ?
উৎপাত তো সবে শুরু হলো!
ঠিক আছে তোর ছেলের সাথে আমার মেয়ের বিয়ে হতে পারে .. কিন্তু সেটা সম্ভব করতে প্রথমে আমাদের স্বামীদের শত্রুতা ঘোচাতে হবে !
আমার স্বামী তালিব মনে করে নওশাদ একটা খবিস !
নওশাদ মনে করে তালিব একটা বাটপার !
সত্যি বলতে কি ওদের ধারণা কিন্তু একদম সঠিক .... ওরা বাটপার আর খবিস !!

আরে তুই আমার নষ্ট পঁচা ছবিটা নিয়ে কম্পিউটারে কী করছিস ? মুছে ফেল এটা!
হেঃ হেঃ ছবিটা আমাদের বন্ধুদের কাছে ই-মেইলে পাঠাচ্ছি। মজা হবে !
খবদ্দার ! পাঠাবি না !
দেরি হয়ে গেছে। আমি ছবিটি ইতিমধ্যেই আপলোড করছি ইন্টার নেটে !
আপলোড হতে দেব না ! দেখি আমার হাত গলে কীভাবে ছবি পাঠাস !

বেসিক আলী

ইয়াহু দোস্ত !

বলছিলাম না ইন্টারনেটে চ্যাটিং করে একটা মেয়ে বাগিয়েছি ? ধানমন্ডিতে থাকে। আজ ছবি পাঠিয়েছে- এই দ্যাখ প্রিন্ট করে এনেছি !
GENESIS

আচ্ছা তুই কি সত্যিই ক্যাটরিনা কাইফকে চিনিস না ?
GENESIS

তুই বলতে চাচ্ছিস কেউ একজন ইন্টারনেটে ক্যাটরিনা কাইফ সেজে আমার সাথে প্রেমের অভিনয় করছে ? কী লাভ তার ?
সে নিশ্চয় হেসে গড়াচ্ছে !
GENESIS


মানুষের খেয়ে দেয়ে কাজ নেই। আসলে আমি এত সুন্দরী মেয়ে বাগিয়েছি বলে তুই হিংসায় মরছিস !
GENESIS

রাতে
খ্যাক খ্যাক খ্যাক .... গাধা !! তোকে আরো এক ডজন ক্যাটরিনা পাঠাচ্ছি !!

কী ব্যাপার বেসিক ? এত সকালে ? তোর বন্ধু হিল্লোল তো নাক ডেকে ঘুমাচ্ছে !!
?
আপনাদের বাসায় সম্ভবতঃ পানি নেই। হিল্লোল ফোন করেছিল, তাই এক বালতি পানি নিয়ে এলাম !!
বেসিকটা আসে না কেন ? কতক্ষণ এভাবে বসে থাকব ? !!

ম্যাডেস্ট ! ম্যাডেস্ট ! নেচার আপু পটল তুলেছে !
বলিস কী ? কী হলো ওর ?
বললাম না ... পটল তুলেছে !
এ্যাঁ ? ফ্রিজে পটলগুলো গুছিয়ে রাখছিস ?
অবাক হচ্ছ কেন ?

বেসিক আলী

কলেজের ছেড়িরা ক্যান আমার মাথায় ইটা মারল
এহনো বুঝলাম না ! কী করছি আমি ?
জরুরী
বিভাগ।

আয় যাইগা !
?!


হাহাহা!

ডাক্তারনী আপায় ক্যান আমার নাক ফাডাইল
বুঝলাম না ! কী করছি আমি ?

হামকো তুমকো
ধোড় পায়া

ওরে বদমাইশ হিল্লোল!
তোর এই অশ্রাব্য গান বন্ধ
কর!!
বাবা!

মন বলে উয়া উয়া
দিল বলে হুয়া হুয়া...
থামো বাবা... প্লিজ...!
উ: অসহ্য!!

হুম! বাবা!
ই ই ই !
একী !!
সরি বাবা ! আবার গোছল
করে কাপড় পড়তে ভুলে
গিয়েছিলাম !!

বাবা আর ভাইয়া, শোন। সংসারের সিংহভাগ খরচ হয় মেয়েদের মাধ্যমে। অথচ মেয়েদের পোশাকে কোনো পকেট নেই !

আমি এক বিপ্লবী পোশাক ডিজাইন করেছি। মা আমার মডেল !

পকেটওয়ালা শাড়ি আর ব্লাউজ !


যারা যারা হোম ওয়ার্ক আনিস নি তারা বেঞ্চের ওপর দাঁড়া!

সে কী !! ম্যাজিক ছাড়া সবাই হোমওয়ার্ক ভুলে গেছে ? মানে আমার ক্লাসে ম্যাজিক হবে GOOD BOY ? অসম্ভব !!

তোরা বস ! যারা যারা হোমওয়ার্ক এনেছিস তারা বেঞ্চের ওপর দাঁড়া !!





বেসিক আলী

বলতো ম্যাজিক এই নতুন শার্টটায় আমাকে কেমন লাগছে ?
ভালো !

ব্যাটা তোর GAMEBOY খেলা ছুটচ্ছি ! ঠিক মতো বল- কেমন দেখাচ্ছে ...
ওরে বাপরে ... এ্যা ... এ্যা ... খুব ভালো!

এ কথাটা প্রথমে বললেই তো হতো !



বাঁচাও! পড়ে গেলাম! মরে গেলাম!

তা এভারেস্টের চুড়া ধরে আর কতক্ষণ ঝুলে থাকবি?

স্যার কি আজ অনেক্ষণ থাকবেন?
আমি এইখানে দোকান খুলুম!

অসুবিধা নেই। দোকান চালান!
আমি বিকেল পর্যন্ত আছি!

কি রকম ফেটিং দিমু?

বুঝলে তালিব ! আমার ছেলে হিল্লোল হচ্ছে এক হাবা শয়তান। ধামড়াটা আমার ব্যবসা তো দেখেই না- উল্টো টাকা চুরি করে। ইচ্ছে করে বাসা থেকে বের করে দেই !

কথাই তো আছে দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভালো ! বের করে দাও !
কিন্তু সে তো আমার একমাত্র সন্তান। বের করে লাভ কী ?

কথাই তো আছে নাই মামার চেয়ে কানা মামা ভালো; বের করার প্রশ্নই ওঠে না !

খিক খিক
কী বই পড়ছিস রে ?
ভারতবর্ষের ইতিহাস
ঐ ইতিহাস বইয়ের ভেতরের বইটা কী ? টেনিদার গল্প সমগ্র ?
এ্যাঁ
ইতিহাস পড়ে হাসে কোন পাগলে ?
টেনিদা



হ্যাঁরে শয়তান বারান্দায় বসে কী মাছ ধরছিস ?

কলা !
ক্যালা !
ক্যালা !


দোস্ত আমার ব্যবসার গুরু জনি এক্ষুনি এখানে আসছে। সে আবার গাঁজা ছাড়া কোনো কথা বলে না। এক্ষুনি ব্যবস্থা কর, না হয় সে আমার ওপর রাগ করবে।
কিন্তু ... আমি ...
ঐ দুর্গন্ধওয়ালা জিনিষ কোথায় পাব ? কিছু না করলে হিল্লোল দুঃখ পাবে !
হাম্বা!
এ কেমন গাঁজা, হিল্লোল ? মনে হচ্ছে সিগারেটের ভেতর শুকনো গোবর !

তাহলে বলছেন আপনিই সেই লোক যে "প্রেমেরই চাদর দিয়ে চেপ্পে ধরে" গানটি লিখেছে ?
হু!
কসম ?
কসম ! আপনি চাইলে অটোগ্রাফ দিতে পারি ! তা বারবার জিজ্ঞেস করছেন যে ?
নিশ্চিত হয়ে নিলাম !
ধাম্মা!
আমি GD করতে চাই ! সাগু নামের একটা ছেলে আমাকে হত্যার চেষ্টা করেছে !
কেন?
কেন বলতে পারব না ! তবে সে আক্রমণের আগে নিশ্চিত হয়েছিল যে, আমি সেই HIT গানটা লিখেছি প্রেমেরই চাদর দিয়ে চেপ্পে ধরে মেরে ফেল !
বহু দিন ধরে ঐ গানের গীতিকারকে খুঁজছিলাম শাস্তি দেব বলে !

আমাদের মোরগের ডাকে আপনার ঘুমে ব্যঘাত হয় ? কি করব এডভোকেট সাহেব ? মুরগির বাক স্বাধীনতা কেড়ে নেব ?

ঐ মোরগ জবাই করে দেন। না হয় আমি মামলা করে দেব !
যান -যান! মামলা করেন গিয়ে !


এক সপ্তাহ পর !
MY LORD... এই চক চকে সুস্বাদু মোরগের জ্বালায় আমার মক্কেল এডভোকেট ...
প অ অ ক!

বল্টুর বল আমি মক্কায় পাঠাব !
ভুস!
!!!
এই ! এই !
আরে ! আরে !
ঝনাৎ!
ঝনাৎ!

ধানমণ্ডি লেকের এই প্যাডেল নৌকাগুলো
প্রেম করা সহজ করে দিয়েছে।
কোনো উৎপাত নেই - নিরিবিলি !

ফুলের মালা নেন। ৫ ট্যাকা !
আমারডা ৪ ট্যাকা।
লুলা মানুষডারে দুইডা ভিক্ষা দ্যান !

অই! যা আছে দে!
বেয়াদ্দপ!
চটাশ!
ভুল হয়া গেছে ছার! তাইলে বরং আমারে দুইডা ভিক্ষাই দেন!